



নং ৪ বিইএ/অঅ-১৬/ ৫২৪

তারিখ : ১৪ নভেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

তুরস্কে অধ্যয়নরত বাংলাদেশি প্রবাসী কর্মী ও অন্যান্য নাগরিকদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিদেশগামী ও প্রবাস ফেরত কর্মীদের সাময়িক অবস্থানের সুবিধাসহ বিভিন্ন সেবা প্রদানের জন্য ঢাকাস্থ হজরত শহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সন্নিহিত নিরাপদ ও মনোরম পরিবেশে “বঙ্গবন্ধু ওয়েজ আর্নাস সেন্টার” (BWEC) স্থাপন করেছে। এ সেন্টারের মাধ্যমে প্রবাসী কর্মীগণ নূন্যতম খরচে বিদেশে যাওয়ার সময় অথবা বিদেশ হতে দেশে ফেরার সময়ে সাময়িকভাবে অবস্থান করতে পারবেন। এই অবস্থানকালে তাঁদের জন্য সাশ্রয়ী মূল্যে খাবারের ব্যবস্থা আছে। এছাড়া এখানে প্রবাসী কর্মীদের রিইন্টিগ্রেশন (পুনঃএকত্রীকরণ) এবং অন্যান্য সুযোগ-সুবিধা বা করণীয় সম্পর্কে ব্রিফিং প্রদান করা হবে। যার ফলে বঙ্গবন্ধু ওয়েজ আর্নাস সেন্টারটি প্রবাসী কর্মীদের একত্রিত হওয়ার এবং পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের জন্য একটি উপযুক্ত স্থান হবে, যা দেশে এই প্রথম। বঙ্গবন্ধু ওয়েজ আর্নাস সেন্টার কতৃক সেবাসমূহ নিম্নে প্রদত্ত হলোঃ

প্রদত্ত সেবাসমূহঃ

- ❖ বিদেশগামী ও ফেরত প্রবাসী কর্মীগণ ১০০/- টাকা ফি প্রদানপূর্বক সরাসরি/অনলাইনে আবেদন করতে পারবেন;
- ❖ ০১ (এক) জন কর্মী ০১টি সীটের জন্য আবেদন করতে পারবেন;
- ❖ প্রতি রাতের জন্য প্রতি সীট ভাড়া ২০০/- (দুইশত) টাকা;
- ❖ প্রতিবার সর্বোচ্চ ০২ রাত অবস্থান করতে পারবেন;
- ❖ অবস্থানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজ-পত্রাদি থাকতে হবে (পাসপোর্ট ও এয়ার টিকেট কপি, বহির্গমন ছাড়পত্র/মেম্বরশীপ সনদের কপিসহ সংশ্লিষ্ট কাগজ-পত্রাদি);
- ❖ সেন্টার হতে বিমানবন্দরে যাতায়াতের জন্য পরিবহন সুবিধা;
- ❖ সেফ লকারে লাগেজসহ মূল্যবান মালামাল সংরক্ষণের ব্যবস্থা;
- ❖ টেলিফোন সুবিধা-প্রদান;
- ❖ ইন্টারনেট/ wifi এর ব্যবস্থা;
- ❖ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ;
- ❖ বিদেশগামী কর্মীদের বিমানবন্দর, গন্তব্য দেশ এবং বোর্ড প্রদত্ত সেবাসমূহ সম্পর্কে প্রাক-বহির্গমন ব্রিফিং;
- ❖ বিদেশ ফেরত কর্মীদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে রিইন্টিগ্রেশন (পুনঃএকত্রীকরণ);
- ❖ কাউন্সিলিং ও মোটিভেশনের ব্যবস্থা;
- ❖ সাশ্রয়ী মূল্যে খাবারের ব্যবস্থা;
- ❖ পুরুষ ও নারী কর্মীর জন্য পৃথক থাকার ও নামাজের ব্যবস্থা;
- ❖ সুস্থ বিনোদনের ব্যবস্থা;
- ❖ সিসি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং ও নিরাপত্তা সুবিধা;
- ❖ সেন্টার ব্যবহার নির্দেশিকা বোর্ড www.wewb.gov.bd এ পাওয়া যাবে;
- ❖ সরাসরি সেন্টারে যোগাযোগের নম্বর -০১৩১০৩৫০৫৫৫, ০১৭৫৪৭১৫৪২০

- এছাড়াও প্রবাসী কল্যাণ ডেস্ক ও প্রবাসবন্ধু কল সেন্টার (টোল ফ্রি ০৮০০০১০২০৩৩), দেশ ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩ বিদেশ থেকে ০৯৬১০১০২০৩০, এর মাধ্যমে সেন্টার ও বোর্ডের সেবা কার্যক্রম সম্পর্কিত যাবতীয় তথ্য জানা যাবে।

[ঠিকানাঃ বঙ্গবন্ধু ওয়েজ আর্নাস সেন্টার, লঞ্জনিপাড়া, বরুয়া, ওয়ার্ড-৪৮, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, থানা-খিলক্ষেত, ঢাকা-১২২৯]

আপনাদের সুবিধার্থে এ তথ্যটি জানানো হলো।



(শাহ্নাজ গাজী)
চার্জ দ্যা এ্যাকাফেয়ার্স

বিতরণঃ

তুরস্কে বসবাসরত প্রবাসী বাংলাদেশি নাগরিকবৃন্দ